১০ তারিখ সকাল থেকে নির্বাচনী প্রচারণা বন্ধ, বিজ্ঞপ্তি জারি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট ২০২৬ উপলক্ষে মেহেরপুরের নির্বাচনী প্রচারণা বন্ধের নির্দেশ দিয়েছে জেলা প্রশাসন।

আগামী ১০ ফেব্রুয়ারি সকাল ৭টা ৩০ মিনিট থেকে ১৪ ফেব্রুয়ারি ২০২৬ বিকাল ৪টা ৩০ মিনিট পর্যন্ত সকল ধরনের নির্বাচনী প্রচারণা নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসার ড. সৈয়দ এনামুল কবির স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ সকাল ৭টা ৩০ মিনিট থেকে বিকাল ৪টা ৩০ মিনিট পর্যন্ত বিরতিহীনভাবে স্বচ্ছ ব্যালট বাক্সে মেহেরপুর জেলার দুটি সংসদীয় আসন ৭৩ মেহেরপুর-১ ও ৭৪ মেহেরপুর-২ এ ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০২৫-এর বিধি ১৮ অনুযায়ী ভোটগ্রহণ শুরুর ৪৮ ঘণ্টা পূর্ব পর্যন্ত নির্বাচনী প্রচারণা চালানো যাবে। এছাড়া গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ৭৮ (১) অনুযায়ী ভোটগ্রহণ শুরুর পূর্ববর্তী ৪৮ ঘণ্টা, ভোটগ্রহণের দিন এবং ভোটগ্রহণ শেষ হওয়ার পরবর্তী ৪৮ ঘণ্টা পর্যন্ত নির্বাচনী এলাকায় যেকোনো ধরনের প্রচারণা শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য হবে।

এই আইনানুগ বিধান অনুসারে ১০ ফেব্রুয়ারি সকাল ৭টা ৩০ মিনিট থেকে ১৪ ফেব্রুয়ারি বিকাল ৪টা ৩০ মিনিট পর্যন্ত উক্ত এলাকায় সকল প্রকার নির্বাচনী প্রচারণা বন্ধ থাকবে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।

বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, এই আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনাসহ প্রচলিত আইন অনুযায়ী কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

মেহেরপুরে মহিলা বিষয়ক অধিদপ্তরে ফুড ক্যান্টিনের উদ্বোধন

মেহেরপুর জেলা প্রশাসন ও জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উদ্যোগে মহিলা বিষয়ক অধিদপ্তর প্রাঙ্গণে ফুড ক্যান্টিনের উদ্বোধন করা হয়েছে।

শনিবার সকালে ফিতা কেটে আনুষ্ঠানিকভাবে ক্যান্টিনটির উদ্বোধন করেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মমতাজ আহমেদ এনডিসি (মেহেরপুরের সাবেক জেলা প্রশাসক)।

উদ্বোধন শেষে সেখানে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক খাতুনে জান্নাতের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন সিনিয়র সচিব মমতাজ আহমেদ এনডিসি।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, আগে নারী-পুরুষ কারোই ভোটাধিকার ছিল না। তখন ছিল রাজার আইন রাজা যা বলতেন, সেটাই কার্যকর হতো, জনগণের ইচ্ছার কোনো প্রতিফলন ঘটত না। কিন্তু গণতন্ত্র প্রতিষ্ঠার মাধ্যমে জনগণের মতামতকে মূল্যায়ন করা হয়েছে এবং ভোটাধিকার প্রয়োগের জন্য নির্বাচন ব্যবস্থা গড়ে তোলা হয়েছে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ‘তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) এর প্রকল্প পরিচালক ও অতিরিক্ত সচিব শাহনাজ বেগম নীনা এবং উপ-পরিচালক (যুগ্ম সচিব) এস এম নাজিবুল ইসলাম। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের ভারপ্রাপ্ত উপ-পরিচালক নাসিমা খাতুন।

এছাড়াও উদ্বোধনী অনুষ্ঠানে জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবিরসহ সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। এর আগে প্রধান অতিথি জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত সেলস সেন্টার পরিদর্শন করেন।

কোটচাঁদপুরে জামায়াতের নারী সমাবেশ অনুষ্ঠিত

আগামী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ঝিনাইদহের কোটচাঁদপুরে নারী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। শনিবার (৭ ফেব্রুয়ারি) সকালে উপজেলার সরকারি মডেল পাইলট হাই স্কুল মাঠে এ সমাবেশের আয়োজন করে উপজেলা জামায়াত।

এতে ঝিনাইদহ ৩ আসনের জামায়াতে ইসলামের প্রার্থী মতিয়ার রহমান, জেলা জামায়াতের সহকারী সেক্রেটারি ও মহেশপুর উপজেলা সাবেক চেয়ারম্যান মাওলানা আব্দুল হাই, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ছাত্র শিবিরের সভাপতি মোস্তাফিজুর রহমান, জেলা ছাত্র শিবিরের সেক্রেটারি উবাইদুর রহমান, মহেশপুর উপজেলা জামায়াতের সেক্রেটারি ইসমাইল হোসেন পলাশ, কোটচাঁদপুর উপজেলা জামায়াতের সেক্রেটারি শাহাবুদ্দিন খান, কোটচাঁদপুর পৌর জামায়াতের আমীর মুহাদ্দিস আব্দুল কাইয়ুম, উপজেলা ছাত্র শিবিরের সভাপতি হাফেজ মুজাহিদুল ইসলামসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সমাবেশে সংসদ সদস্য প্রার্থী মতিয়ার রহমান বলেন, জামায়াতে ইসলাম ক্ষমতায় গেলে কোন ধর্ষণ, নারী নির্যাতন থাকবে না। কোরআনকে বাদ দিয়ে কোন আইন হবে না। আমাদের লক্ষ্য কোরআনের বাংলাদেশ, সোনার বাংলাদেশ। জামায়াত ক্ষমতায় গেলে আইন ও সুশাসন নিশ্চিত করা হবে।

হাটগোপালপুর শাহ্জালাল ইসলামী ব্যাংকের উদ্যোগে শীতবস্ত্র

বিতরণ

ঝিনাইদহের হাটগোপালপুর শাহ্জালাল ইসলামী ব্যাংকের উদ্যোগে শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ ও আর্থিক কর্মসূচি সম্পর্কিত আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

দুপুরে ব্যাংক কার্যালয়ে ৩ শতাধিক দুস্থ অসহায় শীতার্ত মানুষের মাঝে এ কম্বল বিতরণ করা হয়। এসময় ১০ টাকার বিনিময়ে নিম্ন আয়ের মানুষের ব্যাংক অ্যাকাউন্ট খুলতে আলোচনা করা হয়। আলোচনা সভা শেষে ৩শতাধীক দুস্থ অসহায় শীতার্ত মানুষের মাঝে শীত বস্ত্র বিতরণ করা হয়।

এ সময় ব্যাংকের ব্যবস্থাপক চৌধুরী নিয়াজ মোর্শেদ, এ্যাডভোকেট আবদুর রশিদ, এসএটিভির জেলা প্রতিনিধি ফয়সাল আহমেদ, ব্যাংক কর্মকর্তা নবীর হোসেন,হাটগোপালপুর পুলিশ ক্যাম্পের এএসআই মাজহারুল ইসলাম, জেলা শ্রমিক দলের সাংগঠনিক সম্পাদক মশিয়ার রহমান, বিশিষ্ট ব্যবসায়ী মহিউদ্দিন টিটু, আরব আলী, লাভলু মিয়া, আলম জোয়ার্দার, মুর্শিদ সহ ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন। শীতবস্ত্র পেয়ে অসহায় মানুষগুলো সন্তুষ্টি প্রকাশ করেন।

কালীগঞ্জে পরিত্যক্ত ২টি আগ্নেয়াস্ত্র উদ্ধার

ঝিনাইদহের কালীগঞ্জে পরিত্যাক্ত অবস্থায় পড়ে থাকা ২ টি আগ্নেয়াস্ত্র উদ্ধার করেছে র্যাব-৬। শুক্রবার দিবাগত রাত দেড়টার দিকে উপজেলার বটতলা বাজার এলাকা থেকে এ অস্ত্র উদ্ধার করা হয়।

র্যাব-৬, সিপিসি-২ ঝিনাইদহ ক্যাম্পের কোম্পানী কমান্ডার অতিরিক্ত পুলিশ সুপার মেহেদি ইমরান সিদ্দিকী জানান, গোপন সংবাদের ভিত্তিতে তারা জানতে পারে কালীগঞ্জ উপজেলার জামাল ইউনিয়নের গুটিয়ানি বটতলা এলাকায় সন্ত্রাসী কর্মকান্ড হতে পারে।

এমন সংবাদের ভিত্তিতে র্যাবের একটি অভিযানিক দল সেখানে অভিযান চালায়। সেসময় কাউকে আটক করতে না পারলেও পরিত্যাক্ত অবস্থায় ১ টি বিদেশী পিস্তল, ১ ব্যারেলযুক্ত রিভোলভার ও ১ টি ম্যাগাজিন উদ্ধার করা হয়। উদ্ধারকৃত আগ্নেয়াস্ত্র কালীগঞ্জ থানায় সোপর্দ করা হয়েছে বলে জানিয়েছে র্যাব।

গাংনীতে সেনা অভিযানে পিস্তল ও গুলি উদ্ধার

মেহেরপুরের গাংনীতে একটি পিস্তল ও দুই রাউন্ড গুলি উদ্ধার করেছে গাংনী সেনা ক্যাম্পের সদস্যরা।

গাংনী সেনা ক্যাম্পের ক্যাপ্টেন মোল্লা রিফাত রায়হানের নেতৃত্বে আজ শনিবার ৭ই ফেব্রুয়ারি ভোরে উপজেলার মটমুড়া ইউনিয়নের চরগোয়াল গ্রামের একটি কলাবাগানে অভিযান চালিয়ে পরিত্যক্ত অবস্থায় ১টি দেশীয় পিস্তল ও ভারতীয় ২ রাউন্ড গুলি উদ্ধার করা হয়।

সেনা সূত্রে জানায়, অস্ত্রটি চরগোয়াল গ্রামের মোঃ আতিয়ার রহমানের বাড়ির অদুরে অবস্থিত একটি কলাবাগান থেকে পরিত্যক্ত অবস্থায় উদ্ধার করা হয়েছে।

উদ্ধারকৃত অস্ত্র ও গুলি পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়ার জন্য গাংনী থানায় জমা দেয়া হয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা(ওসি) উত্তম কুমার দাস বলেন, একটি দেশী পিস্তল ও দুই রাউন্ড ভারতীয় গুলি গাংনী সেনা ক্যাম্পের সদস্যরা গাংনী থানায় হস্তান্তর করেছে। এ বিষয়ে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

মেহেরপুরে অবৈধ অস্ত্রের শংকা, প্রার্থীদের প্রচারনায় সরগরম ভোটের মাঠ

মেহেরপুরের দুটি সংসদীয় আসনে নির্বাচনী প্রচারণায় সরগরম ভোটের মাঠ। প্রার্থীরা নানা প্রতিশ্রুতি নিয়ে সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত যাচ্ছেন ভোটারদের দ্বারে দ্বারে। পাড়া, মহল্লা, মাঠঘাট ও চায়ের দোকানের মাচায় বসে চলছে ভোটারদের আলোচনা। সীমান্তবর্তী জেলা হওয়ায় প্রার্থীদের মধ্যে রয়েছে অবৈধ অস্ত্রের শঙ্কাও। প্রার্থীদের অভিযোগ ভোটের আগেই অস্ত্রধারী সন্ত্রাসীদের গ্রেফতার এবং অবৈধ অস্ত্র উদ্ধার না হলে নির্বাচনে প্রভাব পড়বে এবং ভোটার উপস্থিতি কম হবে বলে আশংকা করছেন সব দলের প্রার্থীরা।

পুলিশের তথ্যমতে, গেল বছর, মে থেকে ডিসেম্বর পর্যন্ত ২২টি আগ্নোস্ত্র, ২৭ রাউন্ড গুলি, ৬টি কার্তুজ, ৮টি ম্যাগজিন উদ্ধার করেছেন আইনশৃংখলা রক্ষাকারী বাহিনী। একই সাথে বেশ কিছু বোমা সাদৃশ্য বস্তু ও দেশীয় ধারালো দেশীয় অস্ত্র উদ্ধার করেছে আইন শৃংখলা রক্ষাকরী বাহিনী।

দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের কৃষি প্রধান ও সীমান্তবর্তী জেলা মেহেরপুর। শতকরা ৯৫ শতাংশ মানুষ কৃষিতে নির্ভরশীল। কৃষি ও কৃষকের উন্নয়নসহ নানা প্রতিশ্রুতি নিয়ে প্রার্থীরা কোমর বেধে নেমেছেন প্রচারনায় । সকাল থেকে রাত অবধি ভোটারদের কাছে ছুটছেন প্রার্থীরা।

কৃষি ও কৃষকের উন্নয়নে কাজ করবে এমন প্রার্থীকেই ভোট দিতে চান ভোটাররা। কিন্তু নির্বাচন যতই ঘনিয়ে আসছে ততই উদ্বেগ বাড়াচ্ছে অবৈধ অস্ত্র। দক্ষিণ-পশ্চিমাঞ্চলের জেলাটিতে প্রায় ৬৬ কিলোমিটার সীমান্তের পুরোটাই কাটাতার দিয়ে বেষ্টিত। তার পরও বিভিন্ন সময় বাংলাদেশে প্রবেশ করছে অবৈধ অস্ত্র। প্রশাসনের অভিযানে তা ধরাও পড়ছে। বিভিন্ন থানা থেকে লুট হওয়া অস্ত্র উদ্ধার না হওয়া ও অবৈধ অস্ত্রের ব্যবহার হতে পারে নির্বাচনে। এবং ফলাফলেও প্রভাব পড়তে পারে এমন শংকা প্রার্থীদের মধ্যে।

মেহেরপুর-১ আসনের বিএনপি মনোনীত প্রার্থী সাবেক সংসদ সদস্য

মাসুদ অরুন বলেন, অনেক সন্ত্রাসী ঘাপটি মেরে বসে আছে তারা নির্বাচনকে প্রশ্নবিদ্ধ ও বানচাল করতে চাই তারা অবৈধ অস্ত্রের মাধ্যমে ক্ষমতা প্রয়োগ করতে চাই। এদের আইনের আওতায় না আনলে একটা বড় ধরনের শংকা থেকেই যায়। সেই সাথে তিনি শতভাগ নির্বাচনে বিজয়ী হওয়ার আশা ব্যাক্ত করে বলেন, মেহেরপুরের কৃষি, শিল্প, চিকিৎসা ও শিক্ষার উন্নয়ন করতে চান।

বাংলাদেশ জামায়াতে ইসলামী মনোনীত মেহেরপুর-১ আসনের প্রার্থী মওলানা তাজ উদ্দিন বলেন, মেহেরপুর একটি সীমান্তবর্তী জেলা।

ভারত থেকে বিভিন্ন সময় অস্ত্র আসছে এমন কথা শুনছি। যেহেতু অনেক আগ্নেয়াস্ত্র প্রশাসন উদ্ধার করেছে। এতে আমাদের মধ্যে শংকা তৈরী হয়েছে। প্রশাসনকে আরও বেশি তৎপরতা না দেখালে নির্বাচনে শংকা থাকবে।

মেহেরপুর-২(গাংনী) আসনের বিএনপি মনোনীত প্রার্থী সাবেক সাংসদ আমজাদ হেসেনের মধ্যেও রয়েছে অবৈধ অস্ত্রের শংকা। এছাড়াও মেহেরপুর-২(গাংনী) আসনের জামায়াত ইসলামী মনোনীত প্রার্থী নাজমুল হুদা বলেন, অস্ত্রৈর ঝঞ্ঝনানি থামাতে না পারলে নির্বাচন প্রশ্নবিদ্ধ হবে এবং ভোট কেন্দ্রে ভেঅটার উপস্থিতি কমবে ।

তবে সীমান্তের নিরাপত্তা নিয়ে কাজ করবে এমন প্রার্থীকে ভোট দিতে চান সীমান্ত এলাকার ভোটাররা।

অনলাইন জুয়া বন্ধ ও মাদক দুর্নীতিমুক্ত মেহেরপুর চান নতুন ভোটাররা। সার কীটনাশকসহ কৃষি উপকরণের দাম কমাবে এমন সরকার চান সাধারণ ভোটাররা।

মেহেরপুর পুলিশ সুপার উজ্জল কুমার বলেন, অবৈধ অস্ত্র উদ্ধার ও নির্বাচনে আইন শৃংখলা রক্ষায় প্রশাসন মাঠে কাজ করছে এবং অস্ত্রধারীদের বিরুদ্ধে পুলিশ সোচ্চার রয়েছে এবং অভিযান অব্যাহত আছে।

মেহেরপুর জেলা প্রশাসক ও রিটানিং কর্মকর্তা ড: সৈয়দ এনামুল কবীর বলেন, নির্বাচনে প্রভাব বিস্তার করবে এবং যাদের বিরুদ্ধে রেকর্ড খারাপ আছে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে বলে জানান, রিটার্নিং কর্মকর্তা ও জেলা প্রশাসক ড: সৈয়দ এনামুল কবীর।

মেহেরপুরের দুটি আসনে মোট ভোটার সংখ্যা-৫ লাখ ৮৭ হাজার ৬৮০ জন।

পুরুষ ভোটার ২ লাখ ৯২ হাজার ৯৭৭ জন এবং নারী ভোটারের সংখ্যা ২ লাখ ৯৪ হাজার ৬৯৭ জন। হিজড়া ভোটার ৬ জন এবং নতুন ভোটারের সংখ্যা ৩১ হাজার ৭১৪ জন।

মুজিবনগরে স্যানিটারী দোকান থেকে লতা পাইপ চুরি

মেহেরপুরের মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ বাজারে একটি স্যানিটারী দোকান থেকে প্রায় ৬০০ ফিট লতা পাইপ চুরির ঘটনা ঘটেছে।

গতকাল শুক্রবার দুপুরে জুম্মার নামাজ চলাকালীন সময়ে বাজারে লোকজন কম থাকায় এ চুরির ঘটনা ঘটে।

সিসি ক্যামেরার ফুটেজ সূত্রে জানা যায়, শুক্রবার দুপুর আনুমানিক ১টা ৩০ মিনিটের দিকে চার রাস্তার মোড় থেকে একটি ভ্যান নিয়ে এক ব্যক্তি কেদারগঞ্জ বাজারে আসে। কিছুক্ষণ সেখানে অবস্থান করার পর সে ঝর্ণা স্যানিটারীর সামনে রাখা লতা পাইপের একটি বান্ডিল ভ্যানে তুলে নেয়। পরে কেদারগঞ্জ বাজার থেকে আট কবর এলাকার দিকে চলে যায়।

এ বিষয়ে ঝর্ণা স্যানিটারীর স্বত্বাধিকারী রিপন আলী জানান, নামাজের সময় দোকানের সামনে লোকজন না থাকায় চোর সহজেই পাইপগুলো নিয়ে পালিয়ে যায়। পরে বিষয়টি জানতে পেরে তিনি দোকানে স্থাপিত সিসি ক্যামেরার ফুটেজ পর্যালোচনা করে চুরির বিষয়টি নিশ্চিত হন।

গাংনীতে বিএনপির কার্যালয়ের

পাশ থেকে দুটি বোমা সাদৃশ্য বস্তু উদ্ধার

মেহেরপুরের গাংনীতে ষোলটাকা ইউনিয়নের আমতৈল গ্রামে অস্থায়ী নির্বাচনী কার্যালয়ের পাশ থেকে লাল টেপ দিয়ে মোড়ানো দুটি বোমা সাদৃশ্য বস্তু উদ্ধার করেছে পুলিশ।

আজ শনিবার সকালে স্থানীয়দের খবরের ভিত্তিতে গাংনী থানা পুলিশ ঘটনাস্থল থেকে বোমা সাদৃশ্য বস্তু দুটি উদ্ধার করে পানি ভর্তি বালতিতে সংরক্ষন করে।

গাংনী থানার ওসি উত্তম কুমার দাস জানান, গাংনী উপজেলার ষোলটাকা ইউনিয়নের আমতৈল গ্রামের জগত আলীর চায়ের দোকানে বিএনপির অস্থায়ী কার্যালয় করা হয়। সেখান থেকেই নির্বাচনী প্রচার প্রচার প্রচারনা চালানো হচ্ছিল। আজ শনিবার সকালে সেখানে লালটেপ দিয়ে মোড়ানো দুটি বোমা সাদৃশ্য বস্তুু পড়ে থাকতে দেখে স্থানীয়রা খবর দিলে ঘটনাস্থল থেকে বোমা সাদৃশ্য বস্তুুটি উদ্ধার করে থানা হেফাজতে নেওয়া হয়েছে। কে বা কাহারা বোমা সাদৃশ্য বস্তুু রেখে এলাকায় আতংঙ্ক সৃষ্টির চেষ্টা করছে তাদের সনাক্ত করার চেষ্টা চলছে।

থাইল্যান্ডে রোবটিক্স প্রতিযোগীতায় স্বর্ণ পদক অর্জন দর্শনার জিহাদের

রোবটিক্স প্রতিযোগীতায় অংশ নিয়ে বিশ্ব দরবারে বাংলাদেশের মুখ উজ্জল করছেন দর্শনার তরুণ বিজ্ঞানি জাহিদ হাসান জিহাদ। এবার থাইল্যান্ডে রোবটিক্স প্রতিযোগীতায় অংশ নিয়ে স্বর্ণ পদক অর্জন করলেন চুয়াডাঙ্গা জেলার দর্শনার গর্বিত সন্তান জিহাদ।

গত ২৯ জানুয়ারি থেকে ২ ফেব্রুয়ারি পর্যন্ত থাইল্যান্ডের ব্যাংককে

অনুষ্ঠিত আন্তর্জাতিক উদ্ভাবনী প্রতিযোগিতা ‘ওয়ার্ল্ড স্টেম ইনভেনশান ইনোভেশান ২০২৬’ এর আন্তর্জাতিক পর্বে বাংলাদেশ দল স্বর্ণপদক অর্জন করেছে। বাংলাদেশ ইয়াং সাইন্টিস্ট এন্ড ইনোভেটরস সোসাইটি (বাইসিস) এর নেতৃত্বে বাংলাদেশ প্রতিনিধি দল চুয়াডাঙ্গা সাইন্স এন্ড রোবোটিক্স ক্লাব এই প্রতিযোগিতায় অংশগ্রহন করে। বিশ্বের বিভিন্ন দেশ থেকে প্রায় এক হাজার প্রতিযোগীর অংশগ্রহণে অনুষ্ঠিত এ প্রতিযোগিতাটি মালেশিয়া বুক অব রেকর্ডস কর্তৃক রেকর্ড সংখ্যক প্রতিযোগীর অংশ নেয়া আন্তর্জাতিক উদ্ভাবনী প্রতিযোগিতার স্বীকৃতি লাভ করেছে।

রোবটিকস এন্ড ড্রোন ক্যাটাগরিতে চুয়াডাঙ্গা সাইন্স এন্ড রবোটিক্স ক্লাব প্রতিষ্ঠাতা মোহাম্মদ জাহিদ হাসান জিহাদ স্বর্ণপদক অর্জন করেন।

বৈশ্বিক এ প্রতিযোগিতার আয়োজক মালেশিয়া ইয়াং সাইন্টিস্ট অর্গানাইজেশন (মাইসো)। এসময় উপস্থিত ছিলেন, থাইল্যান্ডে নিযুক্ত মালেশিয়ার হাই কমিশনার দাতুক ওয়ান জাইদি ওয়ান আব্দুল্লাহ ও মাইসো’র সভাপতি ড. রাজমি বিন আব্দু রাজ্জাক। বাংলাদেশ প্রতিনিধি দলের সার্বিক ও পরিচালনা সমন্বয়ের দায়িত্বে ছিলেন বাইসিস এর প্রোগ্রাম কো-অর্ডিনেটর সাদেকুল ইসলাম ও ওমর মাররওয়ান।

দর্শনার জিহাদ ঢাকা থেকে দর্শনায় পৌছানোর সাথে সাথে দর্শনাবাসির পক্ষ থেকে তাকে দর্শনা মুক্ত মঞ্চে তাকে ফুল দিয়ে বরণ করে সংবর্ধনা দেওয়া হয়।

এ সময় উপস্থিত ছিলেন, দর্শনা পৌর বিএনপি’র প্রধান সমন্বয়ক হাবিবুর বুলেট, দর্শনা পৌর বিএনপি’র অন্যতম সমন্বয়ক আলহাজ্ব মশিউর রহমান, দর্শনা ছত্রদলের যুগ্ন আহবায়ক আবদুল্লাহ আল মামুন রিংকু, আবু সাঈদ রতন, ওয়াসিমসহ বিভিন্ন দলের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।